

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.০৭.০০১৭.২৫ নথির বিষয়: Procurement of refilling chemicals for fire extinguishers in SKWP.
নোট: ১ নোটের বিষয়: Procurement of refilling chemicals for fire extinguishers in SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/৬/২৫ ৩:০২ অপরাহ্ন

সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাভা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বৃষ্টির করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হচ্ছে। আলোচ্য প্লান্টের ইমার্জেন্সি ফায়ার ফাইটিং এর জন্য অফিস বিল্ডিং, জেনারেটর বিল্ডিং, ইলেক্ট্রিক্যাল রুম, সাব-স্টেশন ও পাম্প হাউজে বিভিন্ন সাইজের ও ধরনের ফায়ার এন্টিগুইশার রয়েছে (সংযুক্তিঃ ০৩)। যেগুলোর রিফিলের মেয়াদ শেষ পর্যায়ে। এছাড়া উক্ত ফায়ার এন্টিগুইশার গুলোর বিভিন্ন স্প্রেয়ার মালামাল (যেমনঃ হোস, ট্রিগার ও নজেল) নষ্ট হয়ে গিয়েছে যা পরিবর্তন করা প্রয়োজন। আলোচ্য প্লান্টের অফিস স্টাফদের জন্য নতুন ডরমেটরি নির্মাণ করা হয়েছে। উক্ত ডরমেটরি জন্য কোন ফায়ার ফাইটিং ইকুপমেন্ট সরবরাহ করা হয় নাই। সেপ্রেক্ষিতে ডরমেটরি জন্য ফায়ার এন্টিগুইশার ও পোর্টেবল ফায়ার বল সংগ্রহ করা প্রয়োজন। এছাড়া জেনারেটর বিল্ডিং ও ইলেক্ট্রিক্যাল বিল্ডিং-এ স্থাপিত ফায়ার ওয়ার্নিং সিস্টেমের বিভিন্ন ডিটেক্টর নষ্ট হয়ে যাওয়ায় তা পরিবর্তন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/৬/২৫ ৩:০৩ অপরাহ্ন

সেপ্রেক্ষিতে আলোচ্য মালামাল গুলো সংগ্রহ করার লক্ষ্যে PWD Rate Schedule ও পূর্বানুমোদিত দর (সংযুক্তিঃ ০৪) অনুযায়ী টাঃ ৯,৯৯,৪৩৩.৫৫৪/- (নয় লক্ষ নিরানব্বই হাজার চারশত তেত্রিশ দশমিক পাঁচ পাঁচ চার) টাকার একটি প্রাক্কলন (সংযুক্তিঃ ০৫) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৪-২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-১১ এর “(রাসায়নিক)” খাত হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০১)। যা ২০২৪-২৫ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৯২ এ প্যাকেজ G80 হিসাবে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

সংযুক্তিসমূহ (৫):

- ১। Revised Budget 2024-25.pdf
- ২। RAPP 2024-25.pdf
- ৩। Refill Calculation Sheet.pdf
- ৪। Approved Rate.pdf
- ৫। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/৬/২৫ ৩:০৭ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ: ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Procurement of refilling chemicals for fire extinguishers in SKWP” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

- ক) সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা PPA-2006 এবং PPR-2008 এর ৬৩ ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের অনুমোদন;
 - খ) উপস্থাপিত প্রাক্কলিত সর্বমোট টাঃ ৯,৯৯,৪৩৩.৫৫৪/- (নয় লক্ষ নিরানব্বই হাজার চারশত তেত্রিশ দশমিক পাঁচ পাঁচ চার) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন এবং
 - গ) আলোচ্য সরবরাহ কাজটির ব্যয়ভার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-১১ এর “(রাসায়নিক)” খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৯২ এ প্যাকেজ G80 হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।
- আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৩/৬/২৫ ৩:০৮ অপরাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

২৩/৬/২৫ ৩:২৪ অপরাহ্ন
সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

২৪/৬/২৫ ১২:৫৪ পূর্বাহ্ন
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

২৪/৬/২৫ ১২:৫৪ পূর্বাহ্ন
মিজান মোহাম্মদ কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধন শাখার সার্কুলার